অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সেইন্ট রেজিস মোহক ট্রাইবের সাথে চুক্তিতে পৌঁছানোর ঘোষণা করলেন, যা কয়েক দশক ধরে চলতে থাকা দ্বন্দ্বের অবসান করলো

জমি ট্রাইবের নিয়ন্ত্রণে ফেরত দেওয়া হচ্ছে এবং জমির ব্যবহার এবং পাওয়ারের অ্যাক্সেসের জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি থেকে পেমেন্ট দেওয়া হবে

1982 সালে প্রথম শুরু হওয়া মামলাটি শেষ হচ্ছে; এর মধ্যে আছে সেইন্ট লরেন্স রিভারের দ্বীপের অ্যাক্সেস আকউইস্যাসনে মোহকদের ফেরত দেওয়া এবং সেই সাথে SUNY ফ্যাসিলিটি এবং কমিউনিটি কলেজে টিউশন সাহায্য দেওয়া

পুরো নিউ ইয়র্ক স্টেটে আদিবাসী মানুষের সাথে সম্পর্ক জোরদার ও পুনঃস্থাপন করতে গভর্নরের প্রতিশ্রুতিকে অগ্রসর করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট (New York State) সেইন্ট রেজিস মোহক ট্রাইবের (Saint Regis Mohawk Tribe, SRMT) সাথে একটি সেটেলমেন্ট চুক্তিতে পৌঁছাতে পেরেছে, যা জমি কেনার ব্যাপারে মামলার কারণে 1982 সালে প্রথম শুরু হওয়া কয়েক দশক ধরে চলতে থাকা দ্বন্দ্বের অবসান করলো। চুক্তিতে সেইন্ট রেজিস মোহক ট্রাইবকে ফ্র্যাঙ্কলিন (Franklin) কাউন্টির আনুমানিক 9,500 একর এবং সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টির আনুমানিক 4,800 একর জমি ফেরত দেওয়া হয়েছে, সেই সাথে জমির ব্যবহার এবং বিদ্যুতের ব্যবস্থার জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority, NYPA) থেকে পেমেন্ট দেওয়া হবে। সেটেলমেন্টে এছাড়াও State University of New York (SUNY) ফ্যাসিলিটি এবং কমিউনিটি কলেজে ট্রাইবাল সদস্যদের জন্য টিউশন সাহায্য আছে, এবং এটি সেইন্ট লরেন্স রিভারের ক্রয়েল (Croil), লং সোল্ট (Long Sault) এবং বার্নহার্ট (Barnhart) দ্বীপের অ্যাক্সেস পুনঃস্থাপন করে।

"সামনের দিকে এগোনোর পথ তৈরির জন্য আমাদেরকে অবশ্যই অতীতের ভুলগুলিকে স্বীকার করে নিতে হবে, এবং আমি কৃতজ্ঞ যে নিউ ইয়র্ক স্টেট এবং সেইন্ট রেজিনস মোহক ট্রাইবের মধ্যে চুক্তিটি ঠিক তাই করতে পেরেছে, " **গভর্নর Hochul (হোকল) বলেন।** "যদিও নিউ ইয়র্কের ইতিহাসে মর্মান্তিক ইতিহাসের দাগ আছে, তবে এর ভবিষ্যৎ তৈরি হবে ন্যায়বিচার, পুনর্মিলন, দায়বদ্ধতা এবং নিরাময় দিয়ে, গভর্নর হিসেবে আমি আমাদের স্টেটের সকল আদিবাসী (Indigenous) মানুষকে সমর্থন করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ এবং স্টেটের সাথে তাদের সম্পর্ক জোরদার ও পুনঃস্থাপন করতে আমি প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছি।"

সেইন্ট রেজিস মোহক ট্রাইবাল কাউন্সিল বলেন, "আমাদের জমির দাবি প্রায় 43 বছর ধরে চলছে। আমাদের জমি ফেরত নেওয়া আমাদের এবং আমাদের পূর্বপুরুষদের লক্ষ্য ছিলো, 1982 সাল থেকে এই দাবি এবং আলাপ-আলোচনায় কাজ করা সকলের অধ্যবসায় এবং সাহস ছাড়া আমরা আজকে এখানে পৌঁছাতে পারতাম না। সেটেলমেন্টটি নিখুঁত না, কারণ এটি আমরা ঐতিহাসিকভাবে যত মোহক জমি হারিয়েছি সব ফেরত দেয় না। তবে এই সেটেলমেন্টটি আমাদেরকে জমি যোগ করা, পুনঃস্থাপন করা, এবং কিনে নেওয়ার সুযোগ দেয়, এবং একই সাথে প্রোপার্টি ট্যাক্স বাতিল করে, SUNY-তে আকউইস্যাসনে মোহক (Akwesasne Mohawk) স্টুডেন্টদের তহবিল দেয়, এবং সেই সাথে একটি পছন্দের হারে কেনার ক্ষমতা দেয়।"

সেইন্ট রেজিস মোহক ট্রাইবের সাথে সেটেলমেন্ট চুক্তি

চুক্তিটি জমির ব্যাপারে এবং সেই সাথে বিদ্যুতের ব্যবহার, শিক্ষার সুবিধা, এবং সেই সাথে সেইন্ট লরেন্স রিভারের ক্রয়েল, লং সোল্ট এবং বার্নহার্ট দ্বীপের অ্যাক্সেসের ব্যাপারে দ্বন্দ্বের সমাধান করেছে।

জমির অধিকার পুনঃস্থাপন করা:

- ফ্র্যাঙ্কলিন এবং সেইন্ট লরেন্স কাউন্টির যে জমি নিয়ে দ্বন্দ্ব ছিলো তা সেটেলমেন্ট চুক্তি কার্যকর হওয়ার তারিখে ইন্ডিয়ান ল্যান্ড হয়ে যাবে। ফ্র্যাঙ্কলিন কাউন্টির আনুমানিক 9,200 একর এবং সেইন্ট লরেন্স কাউন্টির আনুমানিক 3,200 একর সেইন্ট রেজিস মোহক ট্রাইবকে ফেরত দেওয়া হবে, এবং ফ্র্যাঙ্কলিন কাউন্টির 3,400 একর এবং সেইন্ট লরেন্স কাউন্টির 1,300 একর অবিলম্বে পুনঃস্থাপন করা হবে।
- কাউন্টি। স্টেট নির্দিষ্ট সময় পর পর পেমেন্ট দিবে: ফ্র্যাঙ্কলিন কাউন্টিকে বছরে 2 মিলিয়ন মার্কিন ডলার, এবং এক্সক্লুসিভিটি পেমেন্ট থেকে পাওয়া অর্থ থেকে ফ্র্যাঙ্কলিন কাউন্টিকে বছরে বাড়তি 1 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে, এবং এক্সক্লুসিভিটি পেমেন্ট থেকে পাওয়া অর্থ থেকে সেইন্ট লরেন্স কাউন্টিকে বছরে 4 মিলিয়ন মার্কিন ডলার পেমেন্ট দেওয়া হবে।
- চুক্তিটি আকউইস্যাসনে মোহকদের জন্য নির্দিষ্ট কিছু পার্সেলকে ইন্ডিয়ান ল্যান্ডে রূপান্তরিত করার একটি প্রক্রিয়া স্থাপন করবে, যদি যথাযথ শর্ত মানা হয়।

বিদ্যুতের ব্যবহার এবং পেমেন্ট:

- নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি 35 বছর ধরে প্রতি বছর SRMT-কে 2 মিলিয়ন মার্কিন ডলার, অর্থাৎ মোট 70 মিলিয়ন মার্কিন ডলার দিবে।
- NYPA, SRMT-কে 9 mWh পর্যন্ত সবথেকে কম দামের বিদ্যুৎ দিবে যা SRMT-এর অর্থনীতির বিকাশে বা সদস্যদের ব্যক্তিগত প্রয়োজনের জন্য ব্যবহার করা যাবে। যে বিদ্যুৎ দেওয়া হবে তা খোলা বাজারে বিক্রি করা যাবে না এবং যদি মোহক কাউন্সিল অফ আকউইস্যাসনে (Mohawk Council of Akwesasne) প্রয়োজনীয় সকল অনুমতি ও অনুমোদন সংগ্রহ করতে পারে শুধু তাহলেই কানাডাতে (Canada) পাঠানো যাবে।

শিক্ষার অ্যাক্সেস:

- স্টেট যেকোনো SUNY ফ্যাসিলিটি বা কমিউনিটি কলেজে ভর্তি হওয়া যেকোনো আকউইস্যাসনে মোহকের জন্য আটটি পর্যন্ত ফুলটাইম সেমিস্টারের জন্য টিউশন এবং বাধ্যতামূলক ফিস মওকুফ করে দিবে।
- Cornell বা Alfred-এ আবেদন করা SRMT সদস্যরা SUNY-এর আন্ডারগ্র্যাজুয়েট রেসিডেন্টদের টিউশন হারের সমতুল একটি ছাড় পাবেন।
- এইসব বেনিফিটের সাথে আয়ের আবশ্যিকতা যোগ করা হবে না।

জমির অ্যাক্সেস:

- SRMT নির্দিষ্ট সীমিত সীমাবদ্ধতার অধীনে শিকার, মাছ ধরা, ফাঁদ এবং সংগ্রহের জন্য সেইন্ট লরেন্স রিভারের ক্রয়েল, লং সোল্ট এবং বার্নহার্ট দ্বীপের অ্যাক্সেস পাবেন। SRMT-এর জন্য শিকারের স্ট্যান্ডার্ড নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সপ্রাপ্ত শিকারিদের জন্য নিয়মের সমান, বা তার থেকে বেশি কঠোর হবে।
- থাউজেন্ড আইল্যান্ডের (Thousand Islands) Robert Moses State Park-এর বোট লঞ্চ ব্যবহার করার জন্য SRMT-এর কোনো ফিস দিতে হবে না।
- SRMT নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনকে (Office of Parks, Recreation and Historic Preservation) কমপক্ষে 10 দিন আগে নোটিশ দিলে এবং নজরদারির সময়ে কোনো ক্ষতি না করলে দ্বীপে পরিবেশ সংক্রান্ত নজরদারি করতে পারবে।
- স্টেট যদি কোনো দ্বীপ ছেড়ে দিতে চায় তাহলে SRMT-এর কাছে প্রথম প্রত্যাখ্যানের অধিকার থাকবে।

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "সেইন্ট রেজিস মোহক ট্রাইব এবং আকউইস্যাসনে মানুষ অনেক দিন ধরে ন্যায়বিচার চাইছেন এবং তাদের অধিকারের জমি ফেরত দেওয়ার দাবি করছেন," বলেন সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড)। "আমি অনেক কৃতজ্ঞ যে ট্রাইবাল নেতাদের অনেক বছরের অবিরাম অ্যাডভোকেসির পর, গভর্নর Hochul (হোকল) ট্রাইবকে হাজার হাজার একর ফেরত দেওয়ার চুক্তিতে সাইন করেছেন। এই চুক্তিটি যাতে কংগ্রেসে অনুমোদন পায় তা নিশ্চিত করতে আমি কাজ চালিয়ে যাবো এবং আমাদের পুরো স্টেটের নেটিভ কমিউনিটিগুলির একটি প্রতিশ্রুতিবদ্ধ পার্টনার হয়ে কাজ করবো।"

অ্যাসেম্বলির সদস্য Billy Jones (বিলি জোন্স) বলেন, "যদিও আমি 15 বছরের বেশি সময় ধরে জমির দাবির সেটেলমেন্ট আলোচনায় জড়িত ছিলাম, তবে এর বেশিরভাগ কৃতিত্ব ফ্র্যাঙ্কলিন কাউন্টির অতীত ও বর্তমানের লেজিস্লেটরদের, কাউন্টি ম্যানেজারদের, টাউনের কর্মকর্তাকে, এবং সেইন্ট রেইস মোহক ট্রাইবের সদস্যদের যারা এই চুক্তিতে পৌঁছাতে নিরলসভাবে কাজ করেছেন। ফ্র্যাঙ্কলিন কাউন্টি আইনসভার চেয়ার হিসেবে দায়িত্ব নেয়ার পর

থেকেই আমি এইসব আলোচনায় জড়িত আছি, তাই আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি যে এই মুহূর্তে পৌঁছাতে কতটা সংগ্রাম করতে হয়েছে। বহু বছরের ক্লান্তিকর আলাপ-আলোচনার পর, চুক্তিটি সকল পক্ষের জন্য একটি ন্যায্য সেটেলমেন্ট নিশ্চিত করছে। আমি গভর্নরকে এবং এই গুরুত্বপূর্ণ এবং ঐতিহাসিক চুক্তি চূড়ান্ত করার ব্যাপারে জড়িত সবাইকে ধন্যবাদ জানাতে চাই।"

ফ্র্যাঙ্কলিন কাউন্টির বোর্ড অফ লেজিস্লেটর্সের (Board of Legislators) চেয়ার Ed Lockwood (এড লকউড) বলেন, "ফ্র্যাঙ্কলিন কাউন্টি, মোহক ট্রাইব, এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যে বহু দশকের আলাপ-আলোচনার পর, তিন পক্ষ রিভিউ এবং অনুমোদনের জন্য ফেডারেল সরকারকে চূড়ান্ত ল্যান্ড ক্লেইম মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং (Memorandum of Understanding, MOU) পাঠানোর ব্যাপারে একটি সম্মতিতে পৌঁছাতে পেরেছে। ফ্র্যাঙ্কলিন কাউন্টি এবং বোম্বে (Bombay) এবং ফোর্ট কোভিংটন (Fort Covington) টাউনের প্রতিনিধিরা এই চুক্তিকে ফলপ্রসূ করার জন্য অধ্যবসায়ের সাথে এবং সহযোগিতামূলক কাজ করেছেন। ফ্র্যাঙ্কলিন কাউন্টির আইনসভার পক্ষে, আমরা ল্যান্ড ক্লেইম এগ্রিমেন্টের (Land Claim Agreement) চূড়ান্ত হওয়া এবং তা জড়িত সকল পক্ষের জন্য কী সুযোগ নিয়ে আসে তা দেখতে আগ্রহী।"

সেইন্ট লরেন্স কাউন্টির বোর্ড অফ লেজিস্লেটর্সের চেয়ার David Forsythe (ডেভিড ফরসাইথ) বলেন, "সেটেলমেন্টটি ট্রাইবকে জমি ফেরত দেওয়ার সুযোগ দিবে এবং একই সাথে পাশের ফ্র্যাঙ্কলিন এবং সেইন্ট লরেন্স কাউন্টির জন্য সুযোগ উন্নত করবে। এই মামলাটি 43 বছরের বেশি সময় ধরে সক্রিয় আছে এবং এটি এমন চুক্তি দিয়ে শেষ হচ্ছে যা সকল পক্ষের অধিকার, বিশেষ অধিকার, এবং দায়িত্বকে স্বীকৃতি দেয়। স্থানীয় এবং স্টেট পর্যায়ে আগ্রহী পক্ষরা সকলেই চুক্তিতে সাইন করেছেন, এবং কংগ্রেস এবং প্রেসিডেন্টের অনুমোদন পেলে এটি অবশেষে চূড়ান্ত হবে। 2014 সাল থেকে কাউন্টি সমঝোতার জন্য তাগিদ দিচ্ছে যাতে সেটেলমেন্ট সম্ভব হতে পারে। এই ঐতিহাসিক সেটেলমেন্ট হলো আগামী অনেক জেনারেশনের জন্য শান্তিতে একে অন্যের সাথে বাস করার ব্যাপারে জড়িত সকল পক্ষের মিলিত আগ্রহের প্রমাণ। অনেক দিনের এই সমস্যার সমাধান করার জন্য গভর্নর এবং সাইন করা সকলকে ধন্যবাদ। সেটেলমেন্টের সকল দিক বাস্তবায়ন হতে দেখার জন্য কাউন্টি অপেক্ষা করবে।"

সম্পর্ক জোরদার করার ব্যাপারে প্রতিশ্রুতি

গভর্নর Hochul (হোকল) আদিবাসী মানুষ এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের ট্রাইবগুলিকে সমর্থন করা এবং তাদের সাথে সম্পর্ক জোরদার করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। এই ব্যাপারে তার পদক্ষেপ অগ্রসর করতে গভর্নর আগে যে পদক্ষেপ নিয়েছেন তা নিচে তুলে ধরা হয়েছে:

- 20 মে তারিখে সেনেকা ন্যাশন অফ ইন্ডিয়ান্সের ক্যাটারাউগাস টেরিটরিতে (Cattaraugus Territory of the Seneca Nation of Indians) গিয়েছেন এবং Thomas Indian School-এর অপারেশনে নিউ ইয়র্ক স্টেটের ভূমিকার জন্য আনুষ্ঠানিকভাবে ক্ষমা চেয়েছেন।
- অ্যালবানিতে (Albany) নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে একটি ঐতিহাসিক সামিটে পুরো নিউ ইয়র্ক স্টেটের আদিবাসী জাতির নেতাদের সমবেত করেছেন

- গভর্নরের এক্সিকিউটিভ চেম্বারের অধীনে একজন ফার্স্ট নেশন্সের (First Nations) ডেপুটি সেক্রেটারির পদ প্রতিষ্ঠা করেছেন।
- ওনোন্ডাগা ন্যাশনের (Onondaga Nation) লংহাউজে (Longhouse) গিয়েছেন। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ওনোন্ডাগা লংহাউজে একটি ঐতিহাসিক ভিজিট করেছেন, এটি অর্ধ শতাব্দীরও বেশি সময়ের মধ্যে কোনো ক্ষমতাসীন গভর্নরের প্রথম সফর, তিনি ট্যাডোডাহা (Tadodaho) Sid Hill (ট্যাডোডাহা সিড হিল), কাউন্সিল অফ দ্যা চীফের (Council of Chiefs) প্রতিনিধি এবং ক্ল্যান মাদার্স (Clan Mothers) সহ ওনোন্ডাগা ন্যাশনের নেতাদের সাথে কথা বলার জন্য সেখানে গিয়েছেন।
- ওনোন্ডাগা ন্যাশনকে 1,000 একরেরও বেশি জমি ফেরত দিয়েছেন। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), ইউনাইটেড স্টেটসের (United States) ডিপার্টমেন্ট অফ ইন্টেরিয়রের (Department of Interior) সেক্রেটারি Deb Haaland (ডেব হাল্যান্ড) এবং ওনোন্ডাগা নেশনের ট্যাডোডাহা Sidney Hill-এর (সিডনি হিল) সাথে যোগ দিয়ে Onondaga Lake Natural Resource Damage Assessment and Restoration প্রোগ্রামের অংশ হিসেবে একটি ঐতিহাসিক চুক্তি ঘোষণা করেছেন যা নেশনকে 1,000 একরেরও বেশি সুন্দর দৃশ্যের জমি ফেরত দিবে, এটি আদিবাসী জাতিকে ফেরত দেওয়া কোনো স্টেটের দেওয়ার সবথেকে বড় জমি।
- জাতীয় নেতৃত্ব এবং স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করে, Indian Child Welfare Act-এর উদ্দেশ্যগুলিকে জোরদার করার কৌশল অগ্রসর করার জন্য ডেপুটি সেক্রেটারি Rule-কে (রুল) নির্দেশ দেওয়ার মাধ্যমে, আদিবাসী পরিবারগুলির স্থিতিশীলতা জোরদার করার প্রস্তাব করেছেন, যা আদিবাসী কমিউনিটির উপর যে অবিচার করা হয়েছে তার সমাধানের ব্যাপারে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে জোরদার করে
- আদিবাসী জাতির জন্য দাঁতের চিকিৎসার সুযোগ নিশ্চিত করেছেন, যার মধ্যে আদিবাসী জাতির দাঁতের স্বাস্থ্যসেবায় 2.5 মিলিয়ন ডলার তহবিল রয়েছে, যার উদ্দেশ্য হল অ্যাক্সেসের ঘাটতি পূরণ করা।
- আপত্তিকর উপস্থাপনার জবাবে ক্যাপিটলে আদিবাসীদের শৈল্পিক উপস্থাপনার ব্যাপারে একটি বিস্তৃত রিভিউ শুরু করেছেন, যেখানে নয়টি আদিবাসী জাতির প্রত্যেকটির প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়েছে যাতে সকল নিউ ইয়র্কবাসীকে স্টেট ক্যাপিটলে স্বাগত জানানো নিশ্চিত করা যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন